

বিজিএ/কাস/২০২৪/২৩

২৮ জানুয়ারী, ২০২৪

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ RTGS ব্যবস্থায় চাইনিজ ইউয়ান (CNY) অন্তর্ভুক্ত করা প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ ব্যাংকের সিএসডি সার্কুলার নং-০৩/২০২৪, তারিখঃ ২৫/১/২০২৪

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। বাংলাদেশ ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রায় ক্লিয়ারিং কার্যক্রম আধুনিক, যুগোপযোগী ও তাৎক্ষণিকভাবে নিষ্পত্তির লক্ষ্যে RTGS ব্যবস্থার মাধ্যমে ৫টি বৈদেশিক মুদ্রায় (মার্কিন ডলার, পাউন্ড স্টার্লিং, ইউরো, জাপানিজ ইয়েন ও কানাডিয়ান ডলার) অটোমেটেড ক্লিয়ারিং কার্যক্রম চালু আছে। এরই ধারাবাহিকতায় RTGS ব্যবস্থায় চাইনিজ ইউয়ান (CNY) অন্তর্ভুক্ত করে বাংলাদেশ ব্যাংক সার্কুলার জারী করেছে।

আগামী ০৪/০২/২০২৪ইং তারিখ থেকে RTGS ব্যবস্থায় চাইনিজ ইউয়ান (CNY) মুদ্রায় লেনদেন চালু করা যাবে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান

সভাপতি

সংযুক্তিঃ বর্ণনামতে।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট

পিএসডি সার্কুলার নং : ০৩/২০২৪

১১ মাঘ, ১৪৩০  
তারিখ : -----  
২৫ জানুয়ারি, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা,  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**RTGS ব্যবস্থায় চাইনিজ ইউয়ান(CNY) অন্তর্ভুক্ত করা প্রসঙ্গে।**

বাংলাদেশ ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রায় ক্লিয়ারিং কার্যক্রম আধুনিক, যুগোপযোগী ও ডাঙ্কনিকভাবে নিষ্পত্তির লক্ষ্যে বিগত ৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ হতে FDD এর পরিবর্তে RTGS ব্যবস্থার মাধ্যমে ৫টি বৈদেশিক মুদ্রায় (মার্কিন ডলার, পাউন্ড স্টার্লিং, ইউরো, জাপানিজ ইয়েন ও কানাডিয়ান ডলার) অটোমেটেড ক্লিয়ারিং কার্যক্রম শুরু হয়। এরই ধারাবাহিকতায় RTGS ব্যবস্থায় চাইনিজ ইউয়ান(CNY) অন্তর্ভুক্ত করা হলো।

আগামী ৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে RTGS ব্যবস্থায় চাইনিজ ইউয়ান(CNY) মুদ্রায় লেনদেন চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো। এ বিষয়ে ইতোপূর্বে জারীকৃত “Guidelines of FC Clearing Through BD-RTGS System” অনুসৃত হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শরাফত উল্লাহ খান)  
পরিচালক(পিএসডি)  
ফোনঃ ৯৫৩০৬১১